



শিক্ষা দিবস পালন উপলক্ষে ৮ দল সমন্বিত কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের মিছিল

১৭ বছরেও দেশে গ্রহণযোগ্য শিক্ষানীতি চালু হয় নাই

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)
গতকাল (বৃহস্পতিবার) 'শিক্ষা দিবস' পালন উপলক্ষে বিভিন্ন ছাত্র সমাবেশে বঙ্গারা একটি গণ-মুখী বিজ্ঞানভিত্তিক শিক্ষা ব্যবস্থা গড়িয়া তোলার জন্য ছাত্র সমাজ-সহ সচেতন সকল মহলের সহ-যোগিতা কামনা করিয়াছেন। সচিবালয়ের সামনে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশের ও সংগ্রামী ছাত্র জোটের পৃথক

সমাবেশে বঙ্গারা বলেন, স্বাধীনতার ১৭ বছর পরও দেশে একটি গ্রহণ-যোগ্য শিক্ষানীতি চালু হয় নাই। সমাবেশে সরকারের পঁতন ঘটানোর মাধ্যমে একটি গণমুখী শিক্ষানীতি চালু করার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়। বঞ্চিত ছাত্র বেতন প্রত্যাহার ও বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে ছাত্রদের এই তিন জোটের পৃথক (শেষ পৃ: ৩-এর ক; দ্র:)

শিক্ষানীতি চালু হয় নাই

(শেষ পৃ: পর)

দেশে 'বিক্ষোভ দিবস' পালন করা হইবে।

পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী ৫ দল সমন্বিত ছাত্র সংগ্রাম পরিষদ কেন্দ্রীয় শহীদ মিনারে জমায়েত শেষে সচিবালয়ের সামনে আসিয়া সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রনেতা জহির উদ্দিন স্বপন, নাজমুল হক প্রধান, শাহাবুদ্দিন ও আকতার সোবহান মাসরুর। ৮ দল সমন্বিত ছাত্র সংগ্রাম পরিষদ সচিবালয়ের সামনের রাস্তায় পৃথক সমাবেশের আয়োজন করে। ছাত্রনেতা সুলতান মোহাম্মদ মনসুর আহমেদের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন তাহের উল্লাহ, আব্দুর রহমান, মুসতাকবিজুর রহমান বাবুল ও মাসুদুর রহমান মাসুদ। প্রেসক্লাব সংলগ্ন সচিবালয়ের সম্মুখ রাস্তায় সংগ্রামী ছাত্রজোটের সমাবেশে ছাত্রনেতা আসাদুজ্জামান রিপন, এম,এ জলীল, কাজী আব্দুল্লাহ আল মামুন প্রমুখ বক্তৃতা করেন। এই সমাবেশে জাতীয়তাবাদী ছাত্র দলের সাংগঠনিক সম্পাদক সানাউল হক নীরুর মুক্তি দাবী করা হয়। সমাবেশের আগে ছাত্রদের ঝুঁ ঝুঁ মিছিল সচিবালয়ের পার্শ্ব বর্তী রাস্তা প্রদক্ষিণ করে। শিক্ষা দিবস পালন উপলক্ষে জাতীয় ছাত্র-লীগ ও সচিবালয়ের সামনে সমাবেশের আয়োজন করে। ইহাছাড়া জাতীয় ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় কার্যালয়ে, জাতীয় ছাত্রদল টি,এস,সি চত্বরে, ছাত্রলীগ (শা-সা) কেন্দ্রীয় কার্যালয়ের সামনে, ছাত্রলীগ (আজিজ-মীরাজ) ও ছাত্র ঐক্য-ফোরাম মধুর কেটিনে পৃথক ছাত্র জমায়েত ও আলোচনা সভার মাধ্যমে 'শিক্ষা দিবস' পালন করিয়াছে।